"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি"

ভেদরগঞ্জ উপজেলা পরিষদ
শরীয়তপুর।

৫ম উপজেলা পরিষদের ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি	: মোঃ হুমায়ুন কবির চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
সভার তারিখ	: ১০ ফেব্রুয়ারি ২০২২
সময়	: বেলা ১২.০০ টা
সভার স্থান	: শহিদ আক্কাচ-শহিদ মহিউদ্দিন সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল :-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোভিট-১৯ টিকাদান কর্মসূচী সন্তোষজনকভাবে চলছে। হাসপাতালের বাউন্ডারী দেয়াল মেরামত করতে পারায় হাসপাতালের নিরাপত্তা অনেকাংশে নিশ্চিত হয়েছে তাই সভায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রগুলো চেয়ারম্যান ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ তদারকী করলে সেবার মান বৃদ্ধি পাবে।

০৩। **কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চরকুমারীয়া ইউনিয়নে ১ জন কৃসকের ১০টি লাউগাছ কেটে দিয়ে তার অর্থনৈতিক ক্ষতি করা হয়েছে। তাছাড়া ছয়গাঁও ইউনিয়নের সেচের কার্যক্রম স্বাভাবিক রাখা এবং কৃষকগন যাতে ক্ষতিগ্রস্ত হয় তার সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

০৪। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ১৬ই ফেব্রুয়ারি প্রাণীসম্পদ প্রর্দশনী অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে সভাইকে আমন্ত্রন জানানো হয়।

০৫। **মৎস্য বিভাগ :** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে নিবন্ধিত জেলের সংখ্যা ১৪,১০০ জন। জেলেদের জেলে হালনাগাদের কার্যক্রম চলছে। জেলেদের হালনাগাদের সময় অবশ্যই প্রকৃত জেলের তালিকা দেওয়ারর জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সভার অনুরোধ জানান।

০৬। **উপজেলা প্রকৌশল অফিস :** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৭। **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা বাইরাসের প্রকোপবৃদ্ধি পাওয়ায় আগামী ২১ ফ্রেবুয়ারি পর্যন্ত বিদ্যালয় বন্ধ রয়েছে। শিক্ষকগন নিয়মিত বিদ্যালয়ে যাচ্ছেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।

০৮। **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শিক্ষক প্রশিক্ষন প্রতিষ্ঠান ভবন নির্মানের যায়গার জন্য পূর্বের সভায় অনুমোদন দেওয়া হয়েছিল। বর্তমানে ভবন নির্মানের টেন্ডার হয়েছে এবং দ্রুতই নির্মান কাজ শুরু হবে।

০৯। **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে।

১০। **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১১। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ২য় কিস্তিতে বরাদ্দকৃত টিআর দ্বারা প্রকল্প গ্রহণ করা হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে গৃহহীনদের ঘর নির্মাণ ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

১২। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তাদের নতুন অফিস ভবন নির্মানের জন্য টেন্ডার হয়েছে। ভবন নির্মানের কাজ শুরু করার জন্য কিছু গাছ কাটা প্রয়োজন। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৩। **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৪। **উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৫। **উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৬। **বন বিভাগ :** উপজেলা ফরেস্টার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৭। **পল্লী সঞ্চয় ব্যাংক :** ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে চলছে।

১৮। **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ঋণ আদায়ের পরিমাণ কিছুটা কম।

১৯। **পল্লী বিদ্যুৎ সমিতি :** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ সভায় জানান যে, ৮৪টি নতুন মিটার স্থাপন করা হয়েছে। বর্তমানে ৮০টি সেচ চালু রয়েছে।

২০। **তথ্য আপা :** তথ্যসেবা কর্মকর্তা, মহিলা সংস্থা, ভেদরগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিবিধ আলোচনা:

০১। **প্রকল্প সংক্রান্ত:**

ক। ছয়গাঁও ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, ছয়গাঁও ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে শনিরচর ব্রীজের সাথে যে বিল রয়েছে বোরচাষের সেচ সুবিধার বাধ নির্মান ও বর্ষাকালে অন্যান্য ফসল চাষাবাদের জন্য বিলের পানি নিষ্কাশনের জন্য পাইপ স্থাপন করা প্রয়োজন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পের কাজ উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দ দ্বারা প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা সিদ্ধান্ত হয়।

ক। প্রকল্পের নাম: ছয়গাঁও ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে শনিরচর ব্রীজের সাথে বিলের বোরচাষের সেচ সুবিধার বাধ নির্মান ও বর্ষাকালে অন্যান্য ফসল চাষাবাদের জন্য বিলের পানি নিষ্কাশনের জন্য ১০টি পাইপ স্থাপন।

প্রকল্প বাস্তবায়ন কমিটি: বরাদ্দ-১,৩৫,০০০/ - টাকা।

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	মো: ইসমাইল পালোয়ান	ইউপি সদস্য	সভাপতি
০২	জনাব কানিচ আক্তার	সমাজসেবক	সদস্য
০৩	মো: মোসারফ সরদার	সমাজসেবক	সদস্য
০৪	মো: মিন্টু সরদার	গন্যমান্য	সদস্য
০৫	আবুল হোসেন মাল	গন্যমান্য	সদস্য
০৬	বোরহান উদ্দিন সরদার	ব্যবসায়ী	সদস্য
০৭	জসিম সরদার	কৃষক	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

০২। **অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন অনুদান প্রদান সংক্রান্ত:**

উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন এর আওতায় প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা করা হয়। নিম্নে উল্লিখিত আবেদনকারীদের আবেদনগুলো বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নরূপ হারে আর্থিক অনুদান অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	যে কারণে আর্থিক অনুদান চাওয়া হয়েছে	টাকার পরিমাণ
০১	মোঃ রাজিব মাল, পিতাঃ মহিজল মাল, মালকান্দি, চরকুমারীয়া ইউনিয়ন।	আগুনে বসতবাড়ী পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-
০২	সুমি আক্তার, পিতাঃ আমজাত হোসেন, কানুনগো সাহেবের কান্দি, উত্তর তারাবুনিয়া ইউনিয়ন।	আগুনে বাজারের দোকানঘর পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-

০৩। উপজেলা পরিষদের জায়গায় রাস্তার উত্তর পার্শ্বে 'স্বাধীনতা চত্তরের' বিউটিফিকেশন, টি স্টৌল, গার্ডেন লাইট, বসার সিট, এসএস গ্রিল, বড় ছাতা, নিরাপত্তা ব্লক ও প্লাসাইডিংসহ অন্যান্য কাজ সংক্রান্ত আলোচনা:

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব নাহিম রাজ্জাক, মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, স্থানীয় সরকার বিভাগ হতে উপজেলা উন্নয়ন সহায়তা খাত হতে অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় সংসদ সদস্যের অভিপ্রায় অনুযায়ী উন্নয়ন কাজ সম্পাদনের জন্য ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দ এনেছিলেন। উক্ত বরাদ্দ দিয়ে উপজেলা পরিষদের জায়গায় রাস্তার উত্তর পার্শ্বে 'স্বাধীনতা চত্তরের' বিউটিফিকেশন, টি স্টৌল, গার্ডেন লাইট, বসার সিট, এসএস গ্রিল, বড় ছাতা, নিরাপত্তা ব্লক ও প্লাসাইডিংসহ অন্যান্য কাজ সম্পাদনের অভিপ্রায় ব্যক্ত করেছেন। উল্লিখিত কাজ সম্পাদনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের জায়গায় রাস্তার উত্তর পার্শ্বে 'স্বাধীনতা চত্তরের' বিউটিফিকেশন, টি স্টৌল, গার্ডেন লাইট, বসার সিট, এসএস গ্রিল, বড় ছাতা, নিরাপত্তা ব্লক ও প্লাসাইডিংসহ অন্যান্য কাজ সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক দরপত্র আহবানসহ বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করবেন।

০৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বিল প্রদান সংক্রান্ত আলোচনা:

ইউ.জি.ডি.পি প্রকল্পের পক্ষে উপজেলা প্রকৌশলী , ভেদরগঞ্জ, শরীয়তপুর, সভাকে অবহিত করেন যে,২০১৯-২০২০ অর্থ বৎসরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ১টি অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের প্যাকেজ নং- INF-2019-20-308614-01 এ ১৪,২৯,৭৪২.০০(চৌদ্দ লক্ষ উনত্রিশ হাজার সাতশত বিয়াল্লিশ টাকা মাত্র) টাকা চুড়ান্ত ঠিকাচুক্তি ও কাজের বাস্তবায়ন মোতাবেক বিল প্রস্তত করা হয়েছে। অদ্যকার সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। যা অদ্যকার সভায় অনুমোদিত হলে বিল প্রদানের সুবিধার্থে ও বরাদ্দ প্রাপ্তির নিমিত্তে প্রকল্প অফিসে প্রেরণ করা হবে । বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ প্যাকেজের কাজটি সমাপ্ত হওয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল প্রাপ্তির নিমিত্তে দাখিলকৃত বিল অনুমোদন পূর্বক নির্দেশনা মোতাবেক PMU অফিস, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নে:উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী।

০৫। **বিভিন্ন ব্যয় অনুমোদন :** বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	মহিষার ইউনিয়নের ০৮নং ওয়ার্ডে আলী বক্স হাওলাদারের বাড়ীর নিকট ইটের সলিং রাস্তা মেরামত।	২৫,০০০/-
০২.	নারায়নপুর ইউনিয়নের আবুল হক মাদবরের বাড়ীর পাশে এইচবিবি রাস্তা মেরামত।	২৫,০০০/-

০৬। **বিভিন্ন ব্যয় অনুমোদন :** বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	সাব রেজিস্টার অফিসে ব্যাবহারের জন্য রশিদ রহি (৩০০ বহি) ও উপজেলা পরিষদের ব্যাহারের জন্য ক্যাশ বহি ছাপানো বাবদ খরচ (উপজেলা পরিষদ কর ১% হতে ব্যয় নির্বাহ করা হবে)	২৫,০০০/-
০২.	সাব রেজিস্টার অফিসে ব্যাবহারের জন্য রশিদ বহি (৩০০বহি) ও ক্যাশ বহি ছাপানো বাবদ খরচ (ইউনিয়ন পরিষদ কর ১% হতে ব্যয় নির্বাহ করা হবে)	২৫,০০০/-
০৩.	উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২১ মাসের ইন্টারনেট বিল।	১,০০০/-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭-৬০৪ তারিখ: ২৩ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২ ও মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, --- ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব --
১২. অফিস কপি।

তানভীর-আল-নাসীফ
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।